রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুন ১৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**
**শিল্প শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: **"অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০২৬।**

নং **৪০.০৪.০০০০.০০০.০০২.৩৬.০০০৩.১৮.৯৮**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯(১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক প্রণীত **"অটোমোবাইল ওয়ার্কশপ"** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের **খসড়া সুপারিশ, ২০২৬** জনসাধারণের/ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত **"অটোমোবাইল ওয়ার্কশপ"** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০, সেগুনবাগিচা, শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান।


**মূল্য :** টাকা ১৬.০০

## “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প

## খসড়া সুপারিশ-২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ০৯-০৬-২০২৪ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৯.১৬-৬৫, তারিখ: ০৯-০৬-২০২৪ খ্রিষ্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরের শ্রমিকগণের নিম্নতম মজুরী হার সুপারিশ করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর: ৪০.০০. ০০০০.০১৬.৩২.০০৯.১৬-৭৮, তারিখ: ০১-০৭-২০২৪ খ্রিষ্টাব্দ মূলে বিধি মোতাবেক “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরের শ্রমিক কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট মালিক প্রতিনিধির পদ শূন্য ঘোষণাকরত তদস্থলে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২২-১২-২০২৫ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৯.২৫-১৩৭ তারিখ: ২২-১২-২০২৫ খ্রিষ্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য পুনঃনিয়োগ করা হয়। বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৯.২৫-১৩৮ তারিখ: ২২-১২-২০২৫ খ্রিষ্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরি বোর্ডের চেয়ারম্যানকে পুনঃঅনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ডের উদ্যোগে **“অটোমোবাইল ওয়ার্কশপ”** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে একাধিক সভা অনুষ্ঠিত হয়। বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে **খসড়া সুপারিশ** পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল ‘ক’ এ উল্লিখিত কাজের ধরনের ভিত্তিতে “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরের শ্রেণি বিভাগ হিসাবে গণ্য হইবে।

৩। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৪। নিম্নবর্ণিত তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন, সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৫। এই সুপারিশের প্রেক্ষিতে, সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৬। তফসিল “খ” ও তফসিল “গ” এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৭। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)” অনুযায়ী ‘‘শ্রমিক’’ বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৯। শর্ত (৮) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১” এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily basis) মজুরি প্রদান করিয়া

থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১১। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১২। এই সুপারিশে উল্লিখিত "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১ (এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ১১,২১৫/- (এগারো হাজার দুইশত পনেরো) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ১১৭৭৫.৭৫/- (এগারো হাজার সাতশত পঁচাত্তর টাকা পঁচাত্তর পয়সা) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ১১৭৭৫.৭৫/- (এগারো হাজার সাতশত পঁচাত্তর টাকা পঁচাত্তর পয়সা) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ১২৩৬৪.৫৩/- (বারো হাজার তিনশত চৌষট্টি টাকা তিপ্পান্ন পয়সা) টাকা হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে প্রতিষ্ঠান মালিক/কর্তৃপক্ষ/ঠিকাদার কর্তৃক শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি নির্ধারণ/ধার্য করার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১১(৫) এর নতুন শর্তাংশ ও বিধি ১৬(২) এর নতুন শর্তাংশ মোতাবেক মূল মজুরি নির্ধারিত/ধার্যকৃত/প্রাপ্ত সাকুল্য (মোট) মজুরির ৫০% এর কম হইবে না।

১৪। মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শ্রমিক/কর্মচারীগণ এর মধ্যে কোনো প্রকার বৈষম্য করা যাইবে না।

১৫। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৬। "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানের মালিক যদি কোনো শ্রমিকের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকের ক্ষেত্রে বাড়ী ভাড়া ভাতা প্রযেজ্য হইবে না।

১৭। এই সুপারিশের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

(মো: নাজিম উদ্দিন ভূঁঞা)
নিরপেক্ষ সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

(আসিফ আইয়ুব)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

(আনোয়ার হোসাইন)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

অননুমোদিত অনুপস্থিতিজনিত কারণে স্বাক্ষর গ্রহণ করা সম্ভব হয়নি।

(জহিরুল ইসলাম)
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

( মোহাম্মদ জামাল উদ্দিন)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

## তফসিল "ক"

## "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প সেক্টরের শ্রেণি বিভাগ ও কাজের ধরণ

| ক্রমিক নম্বর | "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি বিভাগ | কাজের ধরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | প্রথম শ্রেণি (ক) | নিম্নবর্ণিত ১২(বারো) ধরণের কার্যক্রম পরিচালনাকারী "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠান প্রথম শ্রেণি (ক) এর অন্তর্ভুক্ত হইবে, যথা—<br>১। মেকানিক্যাল রিপিয়ারিং (মেজর), ২। মেকানিক্যাল রিপিয়ারিং (মাইনর), ৩। টিনস্মিথ (ডেন্টিং), ৪। পেইন্টিং, ৫। সার্ভিসিং ৬। মেশিনশপ (লেদমেশিন), ৭। অটোমোবাইল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, ৮। অটোমোবাইল এসি ওয়ার্কস, ৯। অটোমোবাইল সিএনজি কনভারশন ওয়ার্কস, ১০। অটোমোবাইল বডি বিল্ডার ওয়ার্কস, ১১। অটোমোবাইল কনভারশন/মেরামত ওয়ার্কস ও ১২। কুশন/সিট ওয়ার্কস। |
| ২। | প্রথম শ্রেণি (খ) | যে সকল "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানে শুধুমাত্র মেশিনশপ কাজ ব্যতীত প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত অন্য যে কোনো ১০ (দশ) ধরনের কাজ সম্পন্ন হয়। |
| ৩। | দ্বিতীয় শ্রেণি | যে সকল "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানে পরিচালক এবং মেশিনশপ নাই কিন্তু প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত কাজের মধ্যে ০৮ (আট) ধরনের কাজ বা তাহার কম কাজ ০৫ (পাঁচ) জন এর অধিক সংখ্যক শ্রমিক দ্বারা সম্পন্ন হয়। |
| ৪। | তৃতীয় শ্রেণি | যে সকল "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) জন বা তাহার কম সংখ্যক শ্রমিক দ্বারা, মেশিনশপ কাজ ব্যতীত, প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত অন্য যে কোনো কাজ সম্পন্ন করা হয়। |

## তফসিল “খ”

## শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | অটো মোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মাসিক সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | **<u>উচ্চতর দক্ষ:</u>**<br>১। ফোরম্যান<br>২। সিনিয়র মেকানিকস<br>৩। সিনিয়র ফিটার<br>৪। সিনিয়র বডি মেকানিক (বাস ও ট্রাক)<br>৫। সিনিয়র বডি মেকানিক (ভ্যান)<br>৬। সিনিয়র এসি মেকানিক<br>৭। সিনিয়র সিএনজি মেকানিক<br>৮। সিনিয়র অটো ইলেকট্রিশিয়ান<br>৯। সিনিয়র ডেন্টার<br>১০। সিনিয়র টিনস্মিথ (ডেন্টিং)<br>১১। সিনিয়র ওয়েল্ডার<br>১২। সিনিয়র পেইন্টার<br>১৩। সিনিয়র টার্ণার<br>১৪। সিনিয়র মেশিনিস্ট ও<br>১৫। সিনিয়র কুশন/ সিট মেকার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৯৮১৫/- | ১১৮৮৯/- | ১৫০০/- | ১০০০/- | ৩৪২০৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৯৮১৫/- | ৭৯২৬/- | ১৫০০/- | ১০০০/- | ৩০২৪১/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৮২৬৫/- | ১০৯৫৯/- | ১৫০০/- | ১০০০/- | ৩১৭২৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৮২৬৫/- | ৭৩০৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৮০৭১/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৬৭১৫/- | ১০০২৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৯২৪৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৬৭১৫/- | ৬৬৮৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৫৯০১/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৫১৬৫/- | ৯০৯৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৬৭৬৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৫১৬৫/- | ৬০৬৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৩৭৩১/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | অটো মোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মাসিক সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২। | **দক্ষ:**<br>১। মেকানিকস<br>২। ফিটার<br>৩। বডি মেকানিক (বাস ও ট্রাক)<br>৪। বডি মেকানিক (ভ্যান)<br>৫। এসি মেকানিক<br>৬। সিএনজি মেকানিক<br>৭। অটো ইলেকট্রিশিয়ান<br>৮। ডেন্টার<br>৯। টিনস্মিথ<br>১০। ওয়েল্ডার<br>১১। পেইন্টার<br>১২। টার্ণার<br>১৩। মেশিনিস্ট ও<br>১৪। কুশন/সিট মেকার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৫৪৬৫/- | ৯২৭৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৭২৪৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৫৪৬৫/- | ৬১৮৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৪১৫১/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৪৮৬৫/- | ৮৯১৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৬২৮৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৪৮৬৫/- | ৫৯৪৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৩৩১১/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৪২৬৫/- | ৮৫৫৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৫৩২৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৪২৬৫/- | ৫৭০৬/- | ১৫০০/- | ১০০০/- | ২২৪৭১/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৩৬১৫/- | ৮১৬৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৪২৮৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৩৬১৫/- | ৫৪৪৬/- | ১৫০০/- | ১০০০/- | ২১৫৬১/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | অটো মোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মাসিক সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ৩। | **<u>আধা দক্ষ:</u>**<br>১। এ্যাসিস্ট্যান্ট টু মেকানিকস<br>২। এ্যাসিস্ট্যান্ট টু ফিটার<br>৩। এ্যাসিস্ট্যান্ট টু বডি মেকানিক (বাস ও ট্রাক) | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৩৯৬৫/- | ৮৩৭৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৪৮৪৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৩৯৬৫/- | ৫৫৮৬/- | ১৫০০/- | ১০০০/- | ২২০৫১/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৩৩৬৫/- | ৮০১৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৩৮৮৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৩৩৬৫/- | ৫৩৪৬/- | ১৫০০/- | ১০০০/- | ২১২১১/- |
| | ৪। এ্যাসিস্ট্যান্ট টু বডি মেকানিক (ভ্যান) | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২৭৬৫/- | ৭৬৫৯/- | ১৫০০/- | ১০০০/- | ২২৯২৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২৭৬৫/- | ৫১০৬/- | ১৫০০/- | ১০০০/- | ২০৩৭১/- |
| | ৫। এ্যাসিস্ট্যান্ট টু এসি মেকানিক<br>৬। এ্যাসিস্ট্যান্ট টু সিএনজি মেকানিক<br>৭। এ্যাসিস্ট্যান্ট টু অটো-ইলেকট্রিশিয়ান<br>৮। এ্যাসিস্ট্যান্ট টু ডেন্টার<br>৯। এ্যাসিস্ট্যান্ট টু টিনস্মিথ<br>১০। এ্যাসিস্ট্যান্ট টু ওয়েল্ডার<br>১১। এ্যাসিস্ট্যান্ট টু পেইন্টার<br>১২। এ্যাসিস্ট্যান্ট টু টার্ণার<br>১৩। এ্যাসিস্ট্যান্ট টু মেশিনিস্ট<br>১৪। এ্যাসিস্ট্যান্ট টু কুশন/সিট মেকার<br>১৫। সার্ভিসিং এটেনডেন্ট<br>১৬। ক্লিনার | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২৪১৫/- | ৭৪৪৯/- | ১৫০০/- | ১০০০/- | ২২৩৬৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২৪১৫/- | ৪৯৬৬/- | ১৫০০/- | ১০০০/- | ১৯৮৮১/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | অটো মোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মাসিক সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ৪। | **অদক্ষ:**<br>১। সাহায্যেকারী/ এ্যাসিস্ট্যান্ট | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২৪১৫/- | ৭৪৪৯/- | ১৫০০/- | ১০০০/- | ২২৩৬৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২৪১৫/- | ৪৯৬৬/- | ১৫০০/- | ১০০০/- | ১৯৮৮১/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২১১৫/- | ৭২৬৯/- | ১৫০০/- | ১০০০/- | ২১৮৮৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্যএলাকা | ১২১১৫/- | ৪৮৪৬/- | ১৫০০/- | ১০০০/- | ১৯৪৬১/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১১৬৬৫/- | ৬৯৯৯/- | ১৫০০/- | ১০০০/- | ২১১৬৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১১৬৬৫/- | ৪৬৬৬/- | ১৫০০/- | ১০০০/- | ১৮৮৩১/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১১২১৫/- | ৬৭২৯/- | ১৫০০/- | ১০০০/- | ২০৪৪৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১১২১৫/- | ৪৪৮৬/- | ১৫০০/- | ১০০০/- | ১৮২০১/- |
| ৫। | **শিক্ষানবিশ: শ্রমিক** | | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=১০০০০/- (দশ হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল “গ”
## কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ ( গ্রেড) ও পদবিন্যাস | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মাসিক মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | <u>গ্রেড-১:</u><br>১। ক্যাশিয়ার<br>২। এ্যাসিস্ট্যান্ট একাউন্ট্যান্ট<br>৩। স্টোর কিপার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৮২৬৫/- | ১০৯৫৯/- | ১৫০০/- | ১০০০/- | ৩১৭২৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৮২৬৫/- | ৭৩০৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৮০৭১/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৬৭১৫/- | ১০০২৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৯২৪৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৬৭১৫/- | ৬৬৮৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৫৯০১/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৫১৬৫/- | ৯০৯৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৬৭৬৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৫১৬৫/- | ৬০৬৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৩৭৩১/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৪২৬৫/- | ৮৫৫৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৫৩২৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৪২৬৫/- | ৫৭০৬/- | ১৫০০/- | ১০০০/- | ২২৪৭১/- |
| ২। | <u>গ্রেড-২:</u><br>১। স্টোর এ্যাসিস্ট্যান্ট<br>২। কম্পিউটার অপারেটর/ টাইপিস্ট<br>৩। ওয়ার্কশপ রিসিপশনিস্ট<br>৪। এ্যাসিস্ট্যান্ট ক্লার্ক<br>৫। টেলিফোন অপারেটর<br>৬। টুল স্টোর এটেনডেন্ট | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৫১৬৫/- | ৯০৯৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৬৭৬৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৫১৬৫/- | ৬০৬৬/- | ১৫০০/- | ১০০০/- | ২৩৭৩১/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৪৫৬৫/- | ৮৭৩৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৫৮০৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৪৫৬৫/- | ৫৮২৬/- | ১৫০০/- | ১০০০/- | ২২৮৯১/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৩৯৬৫/- | ৮৩৭৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৪৮৪৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৩৯৬৫/- | ৫৫৮৬/- | ১৫০০/- | ১০০০/- | ২২০৫১/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৩৬১৫/- | ৮১৬৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৪২৮৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৩৬১৫/- | ৫৪৪৬/- | ১৫০০/- | ১০০০/- | ২১৫৬১/- |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ ( গ্রেড) ও পদবিন্যাস | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মাসিক মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ৩। | <u>গ্রেড-৩:</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। স্টোর এটেনডেন্ট<br>৪। নাইট গার্ড<br>৫। মালি<br>৬। সুইপার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৩৯৬৫/- | ৮৩৭৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৪৮৪৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৩৯৬৫/- | ৫৫৮৬/- | ১৫০০/- | ১০০০/- | ২২০৫১/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১৩৩৬৫/- | ৮০১৯/- | ১৫০০/- | ১০০০/- | ২৩৮৮৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১৩৩৬৫/- | ৫৩৪৬/- | ১৫০০ | ১০০০/- | ২১২১১/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২৭৬৫/- | ৭৬৫৯/- | ১৫০০/- | ১০০০/- | ২২৯২৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২৭৬৫/- | ৫১০৬/- | ১৫০০/- | ১০০০/- | ২০৩৭১/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২৪১৫/- | ৭৪৪৯/- | ১৫০০/- | ১০০০/- | ২২৩৬৪/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২৪১৫/- | ৪৯৬৬/- | ১৫০০/- | ১০০০/- | ১৯৮৮১/- |
| ৪। | **শিক্ষানবিশ কর্মচারী:** | ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ১০০০০/-(দশ হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশিকাল ৬ (ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোহাম্মদ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd